

প্রকল্পের সার-সংক্ষেপ

প্রকৃতি, পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন, ইকো-রেস্টোরেশন, নৈসর্গিক শোভা বৃদ্ধি ও জনগণের চিত্ত বিনোদনের সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্যে চট্টগ্রামের সীতাকুন্ড উপজেলার রামগড়-সীতাকুন্ড সংরক্ষিত বনের সীতাকুন্ড ব্লকে এই বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্ক স্থাপিত হয়। ইকোপার্ক স্থাপন বাংলাদেশে এটাই প্রথম। বাংলাদেশে চিত্ত বিনোদন ও ইকোট্যুরিজম সম্প্রসারণের ক্ষেত্রে এটি একটি যুগান্তকারী পদক্ষেপ যা চিত্তবিনোদনের ইতিহাসে মাইলফলক হয়ে আছে।

১.	প্রকল্পের শিরোনাম	:	বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্ক, চট্টগ্রাম এর প্রতিবেশ পুনরুদ্ধার ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প। (Ecosystem Restoration and Biodiversity Conservation of Botanical Garden and Eco-park, Chittagong)
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ বন বিভাগ।
৪.	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ	:	কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ।
৫.	প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	:	প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা নিম্নরূপ : <ul style="list-style-type: none"> • বিবিধ দেশীয়, বিলুপ্তপ্রায়, বিরল ও দুস্থাপ্য উদ্ভিদ প্রজাতির চারা উৎপাদন, সংরক্ষণ ও উন্নয়ন। • দেশী এবং বিদেশী পর্যটকদের চিত্ত-বিনোদনের সুযোগ সুবিধা বৃদ্ধি। • বিদ্যমান উদ্ভিদ ও প্রাণীবৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন। • প্রকৃতি-পর্যটন উন্নয়ন। • স্থানীয় জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। • শিক্ষা ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ।
৬.	প্রকল্পের বাস্তবায়নকাল		
	ক) শুরু তারিখ	:	০১ জানুয়ারী ২০২৪।
	খ) সমাপ্তির তারিখ	:	৩১ ডিসেম্বর ২০২৬।
৭.	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়		
	মোট	:	৪৭২৩.৬৬১১ লক্ষ টাকা।
৮.	প্রকল্পের অর্থায়ন	:	জিওবি

৯. প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
চট্টগ্রাম	চট্টগ্রাম	সীতাকুন্ড উপজেলা